BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৪০০/নোটিশ/২০২৫/০৫/৪১০৮
তারিখ: ২১ মে ২০২৫

# সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন' প্রকল্পের আওতায় **Labour Demand Survey 2025**-এর তথ্য সরবরাহ সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিকেএমইএ'র পক্ষ থেকে শুভেচ্ছা নিবেন।

বিকেএমইএ একটি সৃষ্টিশীল এবং উদ্ভাবনী কার্যক্রমের সংগঠন হিসাবে ধারাবাহিকভাবেই বাংলাদেশের নীট সেক্টরের উন্নতির জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিকেএমইএ কার্যক্রমগুলো নীট শিল্প খাতের উন্নয়নে অনুঘটকের ভূমিকা পালন করছে, যা জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। একজন রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের উদ্যোক্তা হিসাবে আপনিও এই অর্থনৈতিক অবদানের সহযোগী। আমাদের সকলের প্রচেষ্টার ধারাবাহিকতায় নীটশিল্পে বাংলাদেশ বিশ্বে দ্বিতীয় স্থান অর্জন করেছে।

ইতোমধ্যে **'Labour Demand Survey-2025'** এর লিস্টিং তথ্য সংগ্রহ কার্যক্রম গত ৩-১২ মার্চ ২০২৫ খ্রি. পর্যন্ত চলমান ছিল। এরই ধারাবাহিকতায় **Labour Demand Survey-2025'** এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পুনরায় আগামী ২১ মে-৪ জুন, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত পরিচালিত হবে এবং এর মাধ্যমে স্যাম্পলকৃত প্রতিষ্ঠানে বিস্তারিত প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে।

এখানে উল্লেখ্য যে, সংগৃহীত তথ্য Confidentiality বা গোপনীয়তা বজায় রেখে শুধুমাত্র সরকারি পরিসংখ্যানিক কাজে ব্যবহৃত হবে; যার উপর ভিত্তি করে টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG)-এর বিভিন্ন সূচক প্রণয়ন করা হবে, যা বাংলাদেশে শ্রম বাজারের বর্তমান চিত্র এবং ভবিষ্যৎ চাহিদা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

এমতবস্থায়, আপনার প্রতিষ্ঠান হতেও পরিসংখ্যান ব্যুরো এর তথ্য সংগ্রহকারীরা **'Labour Demand Survey-2025'** কার্যক্রম পরিচালনা করতে পারে।

অতএব, **'Labour Demand Survey-2025'** এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রমে বাংলাদেশ পরিসংখ্যান বুর্যো এর তথ্য সংগ্রহকারীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

তথ্য সরবরাহ করার ক্ষেত্রে কোনো ধরনের সহযোগিতা বা পরামর্শ প্রয়োজন হলে, নিচের নির্ধারিত বিকেএমইএ'র কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে পারেন:

১। মোঃ সজিব হোসেন, গবেষণা সহযোগী, মোবাইল: ০১৬৮৭-২৪৭৩৮৩
২। সৈয়দ ওয়াহিদুজ্জামান। সিনিয়র উপ-সচিব (প্রশাসন), মোবাইল: ০১৯১৪-৩৯০৩০৬

ধন্যবাদান্তে,

মো. মাহবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)
বিকেএমইএ

**Head Office : BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.**
**Phone : 02224437646, E-mail : info@bkmea.com**
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.
**Phone :** 223362257, E-mail : info@bkmea.com
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.
**Phone :** 02 333324342, E-mail : bkmeactg@bbts.net, **Web : www.bkmea.com**